গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কমকর্তার কার্যালয়
জীবননগর, চুয়াডাঙ্গা।
E-mail: uwaojibonnagar@gmail.com

## উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটির সেপ্টেম্বর /২০২৩ খ্রিঃ মাসের মাসিক সভার কার্যবিবরণী ঃ

**সভাপতি** ঃ জনাব মো: আব্দুস সালাম
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
জীবননগর, চুয়াডাঙ্গা।

**স্থান** ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার অফিস কক্ষ।

**তারিখ ও সময়** ঃ ১১/০৯/২০২৩ খ্রিঃ , বেলা ঃ ১১.০০ ঘটিকা।

পরিশিষ্ট-ক ঃ উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা।

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভা পরিচালনা করার জন্য তিনি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানান। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে বিষয় ভিত্তিক আলোচনার জন্য আহবান জানান। অতঃপর নিম্নোক্ত ক্রমানুযায়ী আলোচনা ও তৎপ্রেক্ষিতে সিদ্ধান্ত গৃহীত হয়।

### আলোচ্যসূচি-১ ঃ "মা ও শিশু সহায়তা" কর্মসূচী প্রসংগে।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, চলতি ২০২৩-২৪ অর্থবছরে অত্র উপজেলায় প্রতি মাসে ৮টি ইউনিয়নে ৬জন ও ১টি পৌরসভায় ১৩ জন ভাতাভোগী নির্বাচনের নির্দেশনা আছে। যা মাসের ১৫ তারিখের মধ্যে ইউনিয়ন পরিষদ ও পৌরসভা হতে তালিকা সহ সুপারিশ উপজেলা কমিটিতে প্রেরণের জন্য বলা হয়েছে।

সিদ্ধান্ত ঃ নির্ধারিত তারিখের মধ্যে তালিকা প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ পৌরসভা ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ।

### আলোচ্যসূচি-২ ঃ মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে মহিলাদের বৃত্তিমূলক প্রশিক্ষণ কার্যক্রম ঃ

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, মহিলা বিষয়ক অধিদপ্তর, জীবননগর কার্যালয়ের মাধ্যমে প্রতি তিন মাসে ৩০ জন করে বছরে ১২০ জন দুঃস্থ, অসহায় মহিলাদের (বৃত্তিমূলক) দর্জি ও এমব্রয়ডারী প্রশিক্ষণ প্রদান করা হয়। চলতি ২০২৩-২২৪ অর্থবছরে জুলাই/২০২৩ হতে সেপ্টেম্বর/২০২৩ পর্যন্ত সময়ের প্রশিক্ষণ চলমান। প্রশিক্ষণ কার্যক্রম ভালভাবে চলছে। ৩০ জন প্রশিক্ষণার্থী বসার ও সেলাই মেশিন রাখার জন্য পর্যাপ্ত জায়গা না থাকায় খুবই অসুবিধা ভোগ করতে হচ্ছে। উপস্থিত সদস্য বৃন্দ সকলে এ বিষয়ে একমত পোষণ করেন। ২য় ব্যাচ আগামী অক্টোবর হতে ডিসেম্বর/২০২৩ সেশন শুরু করার জন্য ফরম বিতরণ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ বড় প্রশিক্ষণ কেন্দ্রের ব্যবস্থা করার জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গাকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান উপজেলা পরিষদ,জীবননগর, চুয়াডাঙ্গা।।

### আলোচ্যসূচি-৩ ঃ ২০২৩-২৪ চক্রের ভিডব্লিউবি সুবিধাভোগীদের কার্যক্রম প্রসংগে।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান ২০২৩-২৪ চক্রে ভিডব্লিউবি সুবিধাভোগীদের সেপ্টেম্বর/২০২৩ মাস পর্যন্ত চাল বিতরণ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ ভিডব্লিউবি চাল সুষ্ঠভাবে প্রতি মাসে বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ সকল ইউপি চেয়ারম্যান, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার।

আলোচ্যসূচি-৪ ঃ কিশোর-কিশোরী ক্লাব কার্যক্রম প্রসংগে।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, জীবননগর কর্তৃক পরিচালিত অত্র উপজেলায় কিশোর কিশোরী ক্লাব চলমান। প্রতি সপ্তাহে ২ দিন বাচ্চাদের নাস্তা দেওয়া হয়।

সিদ্ধান্ত ঃ সকল ক্লাব সুষ্ঠভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জীবননগর।

অত:পর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১১/৯/২৩

মো: আব্দুস সালাম
ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন স্থায়ী কমিটি
জীবননগর, চুয়াডাঙ্গা।

স্মারক নং- ৩২.০১.১৮৫৫.০০০.১৪.০২৯.২৩- ২২৭

তারিখ ঃ ১১/০৯/২০২৩ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। চেয়ারম্যান , উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
২। উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর,চুয়াডাঙ্গা।
৩। ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ, জীবননগর ,চুয়াডাঙ্গা।
৪-৬। চেয়ারম্যান ,মনোহরপুর/ আন্দুলবাড়িয়া/ বাঁকা ইউপি।
৭। অফিস কপি।

১১.০৯.২৩

(মো: তাজুল ইসলাম)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন স্থায়ী কমিটি
জীবননগর, চুয়াডাঙ্গা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
জীবননগর, চুয়াডাঙ্গা।

স্মারক নং ঃ ৩২.০১.১৮৫৫.০০০.১৪.০২৯.২৩- ২২৬ তারিখ ঃ-০৭/০৯/২০২৩ খ্রিঃ

## সভার নোটিশ

এতদ্বারা জীবননগর উপজেলা পরিষদের মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির সম্মানিত সকল সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ১১/০৯/২০২৩ ইং তারিখ বেলা ১১.০০ ঘটিকায় উক্ত স্থায়ী কমিটির এক সভা নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে আহবান করা হয়েছে।

উক্ত সভায় যথা সময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

০৭.০৯.২৩

(মো: তাজুল ইসলাম)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন স্থায়ী কমিটি
জীবননগর, চুয়াডাঙ্গা।

প্রাপক ঃ---------------------------
---------------------------
জীবননগর, চুয়াডাঙ্গা।

১১/০৯/২০২৩ তারিখের মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির  সভার হাজিরা সীট ঃ

| ক্রমিক নং | সন্মানিত সদস্যের নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | জনাব  মোঃ ~~শফিকুল ইসলাম~~ মির্জা হাবিবুর রহমান | চেয়ারম্যান (আন্দুলবাড়ীয়া) | |
| ২। | জনাব মোঃ আঃ কাদের প্রধান | চেয়ারম্যান (বাঁকা) | |
| ৩। | জনাব মোঃ সোহরাব হোসেন, খাঁন | চেয়ারম্যান (মনোহরপুর) | |
| ৪। | জনাব মো: তাজুল ইসলাম | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | ১১.০৯.২৩ |